79

ভোরের কাগজ

তারিখ ... AUG 1 2 1998 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪

# সাদত কলেজে কঠোর নিরাপত্তায় পরীক্ষা হয়েছে, পরিস্থিতি থমথমে

## সরকার চালানো দানবদের ঠিক করতে ছাত্রদের এগিয়ে আসতে হবে : কাদের সিদ্দিকী

**টাঙ্গাইল প্রতিনিধি** : সাংসদ আবদুল কাদের সিদ্দিকী বলেছেন, সরকার যারা চালায় সেই দানবগুলোকে ঠিক করার জন্য সংগ্রামে ছাত্রদের এগিয়ে আসতে হবে। তিনি বলেন, স্বাধীন দেশে জনগণের সম্মান কি তা প্রশাসনকে শেখানো হয়নি। প্রশাসনের লোকেরা জনগণের চাকর হয়েও মালিকের গায়ে হাত দেওয়ার মতো সাহস পায়।

কাদের সিদ্দিক সাদত কলেজ গেটে তালা দেওয়ায় প্রশাসনের সমালোচনা করে বলেন, আইয়ুব-মোনায়েম, ইয়াহিয়া যে কলেজ গেটে তালা দিতে পারেনি আজ স্বাধীন দেশের সরকার সে কলেজে তালা দিয়েছে। তিনি শিক্ষকদের উদ্দেশে বলেন, আপনারা ছাত্রদের অভিভাবক হয়ে তাদের প্রতি কসাইয়ের মতো আচরণ করবেন না। তিনি বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন করে ৭ দিনের মধ্যে দোষী ব্যক্তিদের শাস্তি দাবি করেন।

গতকাল বুধবার সাদত বিশ্ববিদ্যালয় কলেজে পুলিশের গুলিতে নিহত বেলাল হোসেন স্মরণে আয়োজিত শোকসভায় তিনি এ কথা বলেন। সর্বদলীয় ছাত্রঐক্য আয়োজিত করটিয়া শহীদ মিনার প্রাঙ্গণে সভায় সভাপতিত্ব করেন আবদুল হামিদ তালুকদার।

এদিকে গতকালও কলেজের পরিস্থিতি ছিল থমথমে। কোনো ছাত্রকে ক্যাম্পাসে ঢুকতে দেওয়া হয়নি। কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে পার্ট-১ সাবসিডিয়ারি, গত বছরের অকৃতকার্য ছাত্রদের পরীক্ষা নেওয়া হয়। দুজন পরীক্ষার্থীর মধ্যে মাত্র একজন অংশ নেয়। পরীক্ষার সময় ২প্লাটুন পুলিশ, ম্যাজিস্ট্রেট ও ২৫ জন শিক্ষক কলেজে উপস্থিত ছিলেন। আজ বৃহস্পতিবার সমাজকল্যাণ, সমাজ বিজ্ঞান ও হিসাব বিজ্ঞান পরীক্ষায় ৬৮২ জন ছাত্রছাত্রী অংশ নিবে। এ জন্য অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে।